

# সূচন

প্রিন্ট: ২১ জুন ২০২৫, ১০:৫৯ এএম

শিক্ষাঙ্গন

## রুয়েটের নতুন শিক্ষকদের প্রশিক্ষণ শুরু



রাজশাহী ব্যুরো

প্রকাশ: ১৮ জুন ২০২৫, ০৫:২৩ পিএম



ছবি: সংগৃহীত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের জন্য ফাউন্ডেশন ট্রেনিং কার্যক্রম শুরু হয়েছে।

বুধবার (১৮ জুন) সকালে বিশ্ববিদ্যালয়ের হল রুমে এ কার্যক্রমের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক।

বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএস) তত্ত্বাবধানে আয়োজিত এ প্রশিক্ষণ কর্মসূচি আগামী ২৪ জুন পর্যন্ত চলবে। এতে রুয়েটের বিভিন্ন বিভাগে সদ্য নিয়োগ পাওয়া ৬৭ জন প্রভাষক অংশ নিচ্ছেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসের পরিচালক অধ্যাপক ড. ইমদাদুল হক।

বক্তব্য রাখেন, ফলিত বিজ্ঞান ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. আব্দুল কাদের জিলানী, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. বশির আহমেদ, যন্ত্রকৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. নুরুল ইসলাম এবং আইকিউএসের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মাহমুদ সাজ্জাদ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন আইকিউএসের সেকশন অফিসার প্রকৌশলী তাসনুভা হুমায়রা।